

ধানী পোনা মজুদ পরবর্তী সার প্রয়োগ: প্রতি সপ্তাহে প্রতি শতাংশে

- গোবর বা কম্পোস্ট সার: ০.৫-১ কেজি
- ইউরিয়া: ১০০-১৫০ গ্রাম এবং
- টিএসপি: ১০০-১৫০ গ্রাম

পোনা টেকসই বা পাকাকরণ:

- পোনা বিক্রয়ের কমপক্ষে ২-৩ দিন পূর্ব থেকে-
 - প্রতিদিন জাল টেনে পোনাতে পানির ধারা দিয়ে ২০-৩০ মিনিট পর ছেড়ে দিতে হবে
 - প্রতিদিন শতাংশে ২০০-৩০০ গ্রাম হারে খৈল প্রয়োগ করতে হবে বিক্রয়ের দিন পোনার খাবার বন্ধ রাখা ও পোনা ধরে একটি পাতলা জালের সাহায্যে ময়লা মুক্ত করতে হবে
- নির্দিষ্ট ফাঁসের জালের সাহায্যে বিক্রয়যোগ্য পোনা আলাদা করতে হবে। পোনা ধরার পর হাপার মধ্যে রেখে কমপক্ষে ৪-৫ ঘন্টা
- সহনশীল করে নিতে হবে। এ সময়ের মধ্যে পোনা মলমূত্র ত্যাগ করে পেট খালি করে ফেলে। ফলে পরিবহনে সমস্যা হয় না

লক্ষণীয়: দূরবর্তী স্থানে পরিবহনের জন্য শুধুমাত্র প্রথম দিনে শতাংশে ১৫০ গ্রাম হারে পুকুরে চুন প্রয়োগ করতে হবে

পোনা ধরা ও বিক্রয়: পাকাকৃত পোনা ধরা বা বিক্রয়ের সময় পোনাকে হাত দিয়ে নাড়া চাড়া না করে প্রাষ্টিকের ছিদ্রযুক্ত বাটি দিয়ে নাড়া চাড়া করতে হবে। বিক্রির আগে পোনাকে ২-৩ গ্রাম/লিটার হারে লবন দ্রবণে জীবাণু মুক্ত করে নেয়া উচিত।

খ. এক ধাপ পদ্ধতি:

এই পদ্ধতিতে একটি পুকুর যা আঁতুড় ও লালন পুকুর হিসাবে ব্যবহার হয়ে থাকে। দুই ধাপ পদ্ধতিতে ব্যবহৃত আঁতুড় পুকুরে রেণু মজুদ পূর্ব ব্যবস্থাপনা থেকে সম্পূর্ণক খাদ্য প্রয়োগ ব্যবস্থাপনা পর্যন্ত একই ধরনের হবে। শুধুমাত্র মজুদ ঘনত্ব আলাদা হবে। শতাংশে ১৫-২০ গ্রাম রেণু মজুদ করা যায়।

এই পদ্ধতিতে ১০-১৫ দিন পর ধানী পোনা কাটাইয়ের ব্যবস্থা থাকে না বরং একই পুকুরে উপরোক্ত দুই ধাপ পদ্ধতির মতো ব্যবস্থাপনা গ্রহণ করে চারা পোনা উৎপাদন করা পর্যন্ত লালন-পালন করা হয়। দুই ধাপ পদ্ধতির চেয়ে এক ধাপ পদ্ধতিতে শতাংশে অনেক কম উৎপাদন পাওয়া যায়।

আয়-ব্যয়ের হিসাব: একটি ১০ শতাংশের কার্প নার্সারি পুকুরে পোনা উৎপাদনে আয়-ব্যয়ের হিসাব (৪৫ দিন)

উপকরণ বিবরণ	পরিমাণ	দর (টাকা)	মোট টাকা
পুকুর প্রস্তুতি			১,০০০
রেণুর মূল্য পরিবহন সহ	০.৫ কেজি	৪,০০০	২,০০০
মজুদ পরবর্তী ব্যবস্থাপনা (খাদ্য, সার ও অন্যান্য)			৪,০০০
অন্যান্য (জাল টানা, লেবার ও বাজারজাতকরণ)			৪,০০০
মোট খরচ			১১,০০০
মাছ উৎপাদন	৩০,০০০ টি	১.০০	৩০,০০০
নিট আয়			১৯,০০০



কার্প জাতীয় মাছের নার্সারি ব্যবস্থাপনা



বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন



ওয়ার্ল্ডফিশ সেন্টার

বাংলাদেশ এ্যাড সাউথ এশিয়া অফিস
বাড়ি-২২বি, সড়ক-৭, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩, বাংলাদেশ
ফোন : (+৮৮০-২) ৮৮১৩২৫০, ৮৮১৪৬২৪, ৮৮১৭৩০০
ফ্যাক্স : (+৮৮০-২) ৮৮১১১৫১
ই-মেইল: worldfish-bangladesh@cgiar.org

Photo Credit: Masudur Rahman

ফিড দ্যা ফিউচার এ্যাকুয়াকালচার
ওয়ার্ল্ডফিশ সেন্টার-বাংলাদেশ ও দক্ষিণ এশিয়া অফিস



কার্প জাতীয় মাছের নার্সারি ব্যবস্থাপনা

নার্সারি ও নার্সারির ধরন:

যে পুকুরে বা পুকুর সমূহে রেণু বা ধানী পোনা লাগান-পালন করে মজুদ পুকুরে ছাড়ার উপযোগী আঙ্গুলে পোনা উৎপাদন করা হয় তাকেই নার্সারি বলে। সাধারণত দুই ধরনের নার্সারি দেখা যায়। দুইটি পুকুর (আঁতুড় ও লাগন পুকুর) নিয়ে দুই ধাপ পদ্ধতি এবং একটি মাত্র পুকুর নিয়ে এক ধাপ পদ্ধতির নার্সারি দেখা যায়।

ক. দুই ধাপ পদ্ধতি:

আঁতুড় পুকুর: সাধারণত ১০-২৫ শতাংশ আয়তন এবং ২.৫-৩ ফুট গভীরতা বিশিষ্ট পুকুরে রেণু পোনা ছেড়ে ১০-১৫ দিন পর্যন্ত লালন-পালন করে ধানী পোনা উৎপাদন করা হয়।

কাটাই বা লালন পুকুর: সাধারণত ২৫-১০০ শতাংশ আয়তন এবং ৩-৩.৫ ফুট গভীরতা বিশিষ্ট পুকুরে ধানী পোনা ছেড়ে ১.৫-২ মাস পর্যন্ত লালন-পালন করে ৩-৫ ইঞ্চি আকারের চারা পোনা উৎপাদন করা হয়।

ক. ১ আঁতুড় পুকুর ব্যবস্থাপনা:

রেণু মজুদ পূর্ব ব্যবস্থাপনা: রেণু পোনা মজুদের পূর্বে পুকুর ভালভাবে শুকিয়ে তলদেশ সমান এবং পুকুরের পাড়ের আগাছা পরিষ্কার করতে হবে।

- ☞ চুন প্রয়োগ: পুকুরের তলায় প্রতি শতাংশে ১ কেজি
- ☞ পানি প্রবেশ: ঘন ফাঁসের নীল জাল-এর ভিতর দিয়ে ছেকে পানি প্রবেশ করাতে হবে
- ☞ চুন প্রয়োগ: পানিতে প্রতি শতাংশে ২৫০-৩০০ গ্রাম
- ☞ সার প্রয়োগ- প্রতি শতাংশে ইউরিয়া: ৭৫ গ্রাম, টিএসপি: ১৫০ গ্রাম এবং এমওপি: ২৫-৫০ গ্রাম (চুন প্রয়োগের ৪-৫ দিন পর)
- ☞ সার প্রয়োগের ৩-৪ দিন পরে জলজ কীট-পতঙ্গ মারার জন্য প্রতি শতাংশে ৩-৫ মিলি সুমিথিয়ন অথবা ৩-৪ মিলি সানসালফার প্রয়োগ করতে হবে
- ☞ জলজ কীট-পতঙ্গ দমনের পূর্বে পুকুরের পানিতে হাপা টানিয়ে তাতে ১০-১৫ টি ছোট পোনা ছেড়ে ৪-৫ ঘন্টা পর্যবেক্ষণ করে পানির বিষাক্ততা পরীক্ষা করতে হবে



রেণু মজুদ ঘনত্ব: প্রতি শতাংশে ৩০-৫০ গ্রাম রেণু

রেণু পোনা পরিবহন, অভ্যস্তকরণ ও মজুদ: আধুনিক পদ্ধতিতে পলিথিন ব্যাগে ৮ ঘন্টা পর্যন্ত এবং সনাতন পদ্ধতিতে ড্রামে ২-৩ ঘন্টা পর্যন্ত রেণু পরিবহন করা যায়।

- ☞ একটি ৬০ X ৪০ সেমি আকারের পলিথিন ব্যাগে ২৫০ গ্রাম রেণু ৬-৮ ঘন্টা পরিবহন করা যায়
- ☞ বড় প্লাষ্টিকের ড্রামে ১ কেজি রেণু ২-৩ ঘন্টা পরিবহন করা যায়
- ☞ সার প্রয়োগের ৪ দিনের মাথায় সকালে রৌদ্র প্রখর হওয়ার পূর্বে রেণু ২৫-৩০ মিনিট অভ্যস্তকরণের পর মজুদ করা যায়

রেণুর পুকুরে হররা টানা: রেণু ছাড়ার কমপক্ষে দুই দিন পর হররা টানতে হবে। প্রতি সপ্তাহে কমপক্ষে ৩-৪ দিন সকাল ৮-১০ টার মধ্যে রৌদ্র প্রখর হওয়ার পূর্বেই এবং প্রয়োজনে প্রতিদিন হররা টানতে হবে।

রেণু মজুদের পর করণীয়:

- ☞ রেণু ছাড়ার ৫-৭ দিনের মধ্যে পুকুরে চট বা মশারীর জাল টানা ঠিক নয়
- ☞ রেণু ভেসে উঠলে পানির ঝাপটা দিতে হবে
- ☞ মেঘলা দিনে সার ও খাদ্য দেয়া যাবে না

কার্প জাতীয় রেণুর সম্পূরক খাদ্য ব্যবস্থাপনা: পুকুরে দৈনিক কমপক্ষে ২-৩ বারে ভাগ করে খাবার দিলে ভালো হয়। এক কেজি কার্পের রেণুর জন্য পোনা মজুদের দিন থেকে খাবারের পরিমাণ-

সময় কাল (দিন)	খাদ্যের পরিমাণ প্রতিদিন	খাদ্য
১-২	মজুদকৃত রেণুর ওজনের ২ গুণ	ময়দা
৩-৭	মজুদকৃত রেণুর ওজনের ২ গুণ	সরিষার খৈল
৮-১৫	মজুদকৃত রেণুর ওজনের ৩ গুণ	সরিষার খৈল

ক. ২ কাটাই বা লাগন পুকুর ব্যবস্থাপনা:

ধানী পোনা মজুদ পূর্ব ব্যবস্থাপনা: ধানী পোনা আঁতুড় পুকুর হতে কাটাই করে লালন পুকুরে মজুদ করা হয়। আঁতুড় পুকুর এবং লালন পুকুরের মজুদ পূর্ব ব্যবস্থাপনা একই। শুধুমাত্র সার প্রয়োগের মাত্রা ভিন্ন হবে। প্রতি শতাংশে-

- ☞ গোবর: ৬-১০ কেজি
- ☞ ইউরিয়া: ১০০-১৫০ গ্রাম, টিএসপি: ১৫০-২০০ গ্রাম এবং এমওপি: ২৫-৫০ গ্রাম
- ☞ সরিষার খৈল: ৩০০-৫০০ গ্রাম

ধানী পোনার মজুদ ঘনত্ব: প্রতি শতাংশে

- ☞ ১,৫০০-২,০০০ টি (আকার ১ ইঞ্চি) অথবা
- ☞ ৮০০-১,০০০ টি (আকার ১ ইঞ্চির চেয়ে বেশি)

ধানী পোনা টেকসইকরণ, অভ্যস্তকরণ ও মজুদ: আঁতুড় পুকুরে ১০-১৫ দিনের মধ্যে ধানী পোনা তৈরি হয়। ধানী পোনা টেকসই করতে কাটাইয়ের ২-৩ দিন পূর্বে প্রতি দিন মশারি জালের টান দিয়ে ২০-৩০ মিনিট ধরে পানির ঝাপটা দিয়ে ছেড়ে দিতে হবে। সার প্রয়োগের ৪ দিনের মাথায় সকালে রৌদ্র প্রখর হওয়ার পূর্বে ধানী ২৫-৩০ মিনিট অভ্যস্তকরণের পর মজুদ করতে হবে।

ধানী পোনার পুকুরে হররা টানা এবং মজুদের পর করণীয়: লালন পুকুরে হররা টানা ও মজুদের পর করণীয়'র ক্ষেত্রে একই ধরনের ব্যবস্থাপনা গ্রহণ করতে হবে।

ধানী পোনা নার্সারির সম্পূরক খাদ্য ব্যবস্থাপনা:

সময় কাল	খাদ্যের পরিমাণ প্রতিদিন	খাদ্য
১ম সপ্তাহ	ধানী পোনার মোট ওজনের ২ গুণ	সরিষার খৈল
২য় সপ্তাহ	ধানী পোনার মোট ওজনের ১০-১২ %	নার্সারি ফিড বা সরিষার খৈল
৩য় ও ৪র্থ সপ্তাহ	ধানী পোনার মোট ওজনের ৬-৮ %	নার্সারি ফিড বা সরিষার খৈল

লক্ষণীয়: ধানী পোনার খাবার এর পরিমাণ পুকুরের প্রাকৃতিক খাবারের উপর নির্ভর করে কম বেশি হতে পারে।

